

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
www.bnmc.gov.bd

নার্সিং ও মিডওয়াইফারি কোর্সসমূহের ভর্তি পরীক্ষা, শিক্ষাবর্ষ ২০২৪-২৫
তারিখঃ ১৬মে ২০২৫, শুক্রবার
সময়ঃ ১ ঘন্টা (সকাল ১০.০০ টা হতে ১১.০০)

পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলি

১. পরীক্ষার্থী, ইনভিজিলেটর ও ভেন্যুরকর্মকর্তা-কর্মচারীগণসহ মন্ত্রণালয়/অধিদপ্তরের কর্মকর্তাগণ কোনোভাবেই মোবাইল, ইলেকট্রনিক ডিভাইস, ব্লুটুথ, এয়ারফোন, ইত্যাদি বহন করবেন না। ভর্তি পরীক্ষার হলে ভর্তি পরীক্ষা সংশ্লিষ্ট কাজের সাথে জড়িত কেউ যাতে মোবাইল নিয়ে প্রবেশ করতে না পারে তা যথাযথভাবে নিশ্চিত করবেন।
২. প্রত্যেক পরীক্ষার্থী পরীক্ষার হলে অবশ্যই দুই কান ঢাকা রাখা যাবে না।
৩. পরীক্ষার্থীদের ৯.৩০ ঘটিকার পূর্বে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। সকাল ১০.০০ ঘটিকায় কেন্দ্রের প্রধান ফটক বন্ধ করে দেয়া হবে। সকাল ১০.০০ ঘটিকার পর কোনো পরীক্ষার্থী কেন্দ্রে প্রবেশ করতে পারবেনা।
৪. OMR Sheet এর উপর ১০ (দশ) অংকের Set code টি প্রশ্নপত্রে উল্লিখিত Set code টি এর সাথে না মিললে প্রশ্নপত্রটি পরিবর্তন করে নিতে হবে।
৫. Roll No এবং Serial No এর প্রতিটি ঘর পূরণ করতে হবে। Roll No এবং Serial No এর জন্য নির্দিষ্ট বৃত্তসমূহ কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে ভরাট করতে হবে।
৬. বৃত্তগুলো এমন ভাবে ভরাট করতে হবে যেন ভিতরের লেখাটি দেখা না যায়।
৭. প্রবেশপত্রে ব্যবহৃত স্বাক্ষর অনুযায়ী উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে। উত্তরপত্র ও আবেদনপত্রে ব্যবহৃত নাম ও স্বাক্ষর অভিন্ন হতে হবে।
৮. পরীক্ষার্থী কর্তৃক প্রশ্নপত্রের সাথে সংযুক্ত উত্তরপত্র (OMR Sheet) টি প্রার্থী নিজ দায়িত্বে সাবধানতার সাথে সচ্ছিন্ন (Perforated) স্থান বরাবর স্টিলের লম্বা স্কেল দ্বারা বিচ্ছিন্ন করে উত্তর প্রদান শুরু করতে হবে।
৯. প্রশ্নপত্রের সাথে দেয়া উত্তরপত্রে প্রতিটি প্রশ্নের জন্য চারটি সম্ভাব্য উত্তরের বৃত্ত রয়েছে। তার মধ্য থেকে একটি বৃত্ত পরিষ্কন্নভাবে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে ভরাট করতে হবে।
১০. উত্তরপত্রে নির্দিষ্ট বৃত্তসমূহ ভরাট করা ছাড়া এবং নির্দেশিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে কিছু লিখা সম্পূর্ণ নিষেধ। লিখলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
১১. হল পরিদর্শকের নিকট উত্তরপত্র জমা দেয়ার পূর্বে পরীক্ষার্থী কর্তৃক অবশ্যই প্রশ্নপত্র ও উত্তরপত্র আলাদা আছে কিনা তা নিশ্চিত করতে হবে।
১২. খসড়ার জন্য প্রশ্নপত্র ব্যবহার করা যাবে। কোনো পৃথক কাগজ ব্যবহার করা যাবে না। প্রশ্নপত্রের কোনো অংশ ছেড়া যাবে না কিংবা কারও সাথে বদল করা যাবে না। প্রশ্নপত্র উত্তরপত্রের সাথে অবশ্যই ফেরত দিতে হবে।
১৩. পরীক্ষার্থী কে হল পরিদর্শকের নির্দেশনা ও সিদ্ধান্ত মেনে চলতে হবে। উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে পরিদর্শকের নাম ও স্বাক্ষর গ্রহণ করতে হবে। কর্তব্যরত পরিদর্শকের নাম ও স্বাক্ষর বিহীন উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
১৪. পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত এবং হলসুপার/কক্ষ পরিদর্শকের অনুমতি ব্যতীত পরীক্ষার্থী কক্ষ ত্যাগ করতে পারবেনা।
১৫. পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বন অথবা বিশৃঙ্খলা সৃষ্টি করতে কিংবা অন্যের সাহায্য নিতে দেখা গেলে আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।
১৬. পরীক্ষার হলে মোবাইল ফোন/ইলেকট্রনিক সামগ্রী/ ডিজিটাল ডিভাইস/ সব ধরনের ক্যালকুলেটর/ হাতঘড়ি বা পকেট ঘড়ি নিয়ে প্রবেশ করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। যদি কেউ এইসব জিনিস/ উপকরণ নিয়ে প্রবেশ করেন তবে তার উত্তরপত্র বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তবে প্রশ্নপত্রের সাথে সংযুক্ত উত্তরপত্র (OMR Sheet) সচ্ছিন্ন (Perforated) স্থান বরাবর বিচ্ছিন্ন করার জন্য লম্বা স্টিলের স্কেল ব্যবহার করা যাবে।


১৬/০৫/২০২৫
হালিমা আক্তার

রেজিস্ট্রার

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

এবং

সদস্য সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি